গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সমন্বয় ও প্রশিক্ষণ অধিশাখা

## ডিসেম্বর ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ এহছানুল হক
সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ২৮ জানুয়ারি ২০২৫
সময় : বিকাল: ০২.৩০ ঘটিকা
স্থান : রেলপথ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর-৯৩০)
উপস্থিত : পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

২। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর নিম্নের বিবরণ অনুযায়ী সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা**<br>১৭ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হলো। | উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২. | **শূন্যপদ পূরণ:**<br>**(ক) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ:**<br>উপসচিব (প্রশাসন) জানান, ১৩-২০ গ্রেডের ৩৫টি শূন্য পদ পূরণের লক্ষ্যে মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্তভাবে সুপারিশ প্রাপ্ত প্রার্থীদের সনদ যাচাই-বাছাইয়ের কার্যক্রম প্রক্রিয়াধীন। | মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্তভাবে সুপারিশ প্রাপ্ত প্রার্থীদের সনদ দ্রুত যাচাই-বাছাই করে নিয়োগের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| | **(খ) সওজ অধিদপ্তর:**<br>**অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান যে-**<br>(১) বর্তমানে গ্রেড-১ হতে গ্রেড-২০ পর্যন্ত মোট শূন্য পদের সংখ্যা ৪২২৭টি। বিভিন্ন বিসিএস পরীক্ষার মাধ্যমে গ্রেড-৯ ভুক্ত সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক) এর সরাসরি নিয়োগযোগ্য পরীক্ষার মাধ্যমে গ্রেড-৯ ভুক্ত সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক) এর সরাসরি নিয়োগযোগ্য ১০৯টি, গ্রেড-১০ ভুক্ত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) এর সরাসরি নিয়োগযোগ্য ৮১টি পদ পূরণের প্রস্তাব গত ২৮-০৪-২০২৪ তারিখ এবং নন-ক্যাডার গ্রেড-৯ ভুক্ত হিসাব রক্ষণ কর্মকর্তার ১টি, গ্রেড-৯ ভুক্ত সহকারী বৃক্ষপালনবিদ এর ১টি, টেবুলেশন পরিসংখ্যানবিদ এর ১টি, গ্রেড-১০ ভুক্ত সহকারী লাইব্রেরিয়ান এর ১টি, গ্রেড-১১ ভুক্ত আরবরিকালচার সেকশনাল অফিসার এর ৮টি, গ্রেড-১২ ভুক্ত সহকারী গবেষণা কর্মকর্তা ৬টি পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের প্রস্তাব গত ০৭-১০-২০২৪ তারিখ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে।<br>এছাড়া, গ্রেড-১৪ ভুক্ত সার্ভেয়ারের ৯টি, গ্রেড-১৫ ভুক্ত সিকিউরিটি সুপারভাইজারের ৪টি, গ্রেড-১৬ ভুক্ত কার্যসহকারীর ৫২টি, গ্রেড-১৬ ভুক্ত অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর ৬২টি, গ্রেড-১৬ ভুক্ত মেশিনিষ্ট এর ১৩টি, গ্রেড-১৬ ভুক্ত মেকানিক এর ১৩টি, গ্রেড-১৬ ভুক্ত কার্পেন্টারের ৮টি, গ্রেড-১৬ ভুক্ত পাম্প ড্রাইভারের ২৫টি, গ্রেড-১৬ ভুক্ত ম্যাশন এর ৫৯টি, গ্রেড-২০ ভুক্ত অফিস সহায়ক এর ৮৪টি, গ্রেড-২০ ভুক্ত ক্যাম্প গার্ড (নিরাপত্তা প্রহরী) এর ৬টি, গ্রেড-২০ ভুক্ত সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী) এর ১০৭টি, গ্রেড-২০ ভুক্ত ম্যাশন হেলপার এর ৩৯টি, গ্রেড-২০ ভুক্ত চেইনম্যান ৩৩টি ও গ্রেড-২০ ভুক্ত সড়ক শ্রমিক এর ১৪টি শূন্য পদ পূরণের নিমিত্ত ছাড়পত্র চেয়ে গত ১০-১২-২০২৪ তারিখ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br>পদোন্নতিযোগ্য গ্রেড-২ ভুক্ত অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সিভিল) এর ৩টি পদ গত ২৯.০৮.২০২৪ তারিখ, গ্রেড-৩ ভুক্ত অতিরিক্ত প্রধান প্রকৌশলী (যান্ত্রিক) এর ১টি পদ গত ০৫.১০-২০২৩ তারিখ, গ্রেড-৪ ভুক্ত তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) এর ৩টি পদ গত ০২-১২-২০২৪ তারিখ, গ্রেড-৫ ভুক্ত নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) এর ৮টি পদ গত ০২-১২-২০২৪ তারিখ, গ্রেড-১০ ভুক্ত প্রশাসনিক অফিসার এর ৭টি পদ গত ০৬-১১-২০২৪ তারিখ পদোন্নতির মাধ্যমে পূরণের প্রস্তাব মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে। সরাসরি নিয়োগযোগ্য পদসমূহে দ্রুত নিয়োগ প্রদানের কার্যক্রম গ্রহণ এবং পদোন্নতিযোগ্য পদসমূহে পদোন্নতি প্রদানের কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তরকে পরামর্শ প্রদান করেন।<br>(২) জনবল বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরিত পেন্ডিং প্রস্তাবের তালিকা ও তথ্যাদির একসেট ফটোকপি সংশ্লিষ্ট শাখায় সরাসরি শাখা কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে এবং যোগাযোগ অব্যাহত আছে। মন্ত্রণালয় হতে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয় এবং মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার জন্য সওজ কর্মকর্তাদের পরামর্শ প্রদান করা হয়। | (১) সকল গ্রেডের পদসমূহে নিয়োগ ও পদোন্নতি প্রক্রিয়া চলমান রাখতে হবে।<br>(২) মন্ত্রণালয়ে পেন্ডিং জনবল বিষয়ক প্রস্তাবের ওপর কার্যক্রম গ্রহণ করতে হবে এবং সওজ অধিদপ্তর হতে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ উপসচিব (সওজ সংস্থাপন-১)/ (সওজ সংস্থাপন-২) |



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (৩) সহকারী সচিব (সওজ সংস্থাপন-১) জানান, ৩ জন কর্মকর্তার গ্রেড-২ উন্নীতকরণের বিষয়ে দুর্নীতি দমন কমিশনের প্রতিবেদন/মতামত পাওয়া গিয়েছে। নথি উপস্থাপন পর্যায়ে রয়েছে।<br><br>(৪) উপসচিব সওজ সংস্থাপন-২ শাখা জানান, ওয়ার্কচার্জড কর্মচারিদের পেনশন ও অন্যান্য সুযোগ সুবিধাদি প্রদান সংক্রান্ত খসড়া নীতিমালা চূড়ান্তকরণের লক্ষ্যে ২৭.০১.২০২৪ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। | (৩) ৩ জন কর্মকর্তার গ্রেড-২ উন্নীতকরণের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>(৪) সভার সিদ্ধান্তের আলোকে ওয়ার্কচার্জড কর্মচারিদের পেনশন ও অন্যান্য সুযোগ সুবিধাদি প্রদান সংক্রান্ত খসড়া নীতিমালা চূড়ান্ত করতে হবে। | |
| | **(গ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**<br>বিআরটিএ'র প্রতিনিধি জানান যে, ১১-২০ তম গ্রেডের শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে দ্রুত কার্যক্রম গ্রহণ করা হবে। ৯ম ও তদূর্ধ্ব গ্রেডের ২০টি পদ ও ১০ম গ্রেডে ৩০টি পদে জনবল নিয়োগের লক্ষ্যে বিপিএসসির সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। প্রার্থী বাছাই প্রক্রিয়া চলমান আছে। সহকারী পরিচালক হতে উপপরিচালক ৩টি পদে পদোন্নতির প্রস্তাব শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। জনবলসহ বিআরটিএ'র কি কি প্রস্তাব মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে তার তালিকা প্রস্তুত করে তথ্যাদি বিআরটিএ শাখা কর্মকর্তার নিকট শীঘ্রই প্রেরণ করা হবে। জনবলসহ পেন্ডিং প্রস্তাবের তালিকা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ এবং অবসরজনিত কারণে শূন্য হওয়া ২টি পরিচালক পদে দ্রুত কর্মকর্তা পদায়নের বিষয়ে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় বিআরটিএ'র প্রতিনিধিকে পরামর্শ দেয়া হয়। | (ক) ৯ম ও তদূর্ধ্ব গ্রেডের ২০ টি পদ ও ১০ম গ্রেডে ৩০টি পদে জনবল নিয়োগের লক্ষ্যে বিপিএসসির সাথে যোগাযোগ রাখতে হবে এবং পদোন্নতির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) পরিচালক এর ০২টি শূন্য পদে প্রেষণে কর্মকর্তা পদায়নের প্রস্তাব এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(গ) জনবলসহ পেন্ডিং প্রস্তাবের তালিকা ও তথ্যাদি দ্রুত বিআরটিএ'র শাখা কর্মকর্তার নিকট প্রেরণপূর্বক যোগাযোগ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ যুগ্মসচিব (বিআরটিএ) |
| | **(ঘ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)**<br>চেয়ারম্যান, বিআরটিসি অবহিত করেন যে, অনুমোদিত ৫৮৯৩টি পদের বিপরীতে (প্রথম শ্রেণি-৪০টি, দ্বিতীয় শ্রেণি-১৪, তৃতীয় শ্রেণি-১৩৪১টি, চতুর্থ শ্রেণি-৩৮৫টিসহ) মোট ১৭৮০টি পদ শূন্য রয়েছে। শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির কার্যক্রম চলমান রয়েছে। | ছাড়পত্র গ্রহণপূর্বক শূন্য পদসমূহে নিয়োগ প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ উপসচিব (প্রশাসন) |
| | **(ঙ) ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)**<br>নির্বাহী পরিচালক ডিটিসিএ জানান যে, প্রেষণযোগ্য পদে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখা হচ্ছে। অতিরিক্ত নির্বাহী পরিচালক পদে কর্মকর্তা পদায়নের প্রস্তাব গত ২৬/১২/২০২৪ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে যুগ্মসচিব (ডিটিসিএ) জানান, অতিরিক্ত নির্বাহী পরিচালক পদে কর্মকর্তা পদায়নের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া, বিভিন্ন গ্রেডের ৫৫টি শূন্যপদে ছাড়পত্র গ্রহণের লক্ষ্যে চাহিত তথ্যাদি গত ২৪/১১/২০২৪ ও ১৫/১২/২০২৪ তারিখে পৃথক দুটি পত্রের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | (১) প্রেষণযোগ্য পদে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে সাথে যোগাযোগ করতে হবে।<br>(২) ৫৫ টি শূন্যপদে ছাড়পত্র প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ উপসচিব (ডিটিসিএ) |
| | **(চ) ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)**<br>ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল অবহিত করেন যে, টিকেট মেশিন অপারেটর এবং কাস্টমার রিলেশন এ্যাসিস্টেন্ট এর ২০২ টি পদের বিপরীতে মৌখিক পরীক্ষা সম্পন্ন হয়েছে। মৌখিক পরীক্ষার ফলাফল প্রকাশের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। General Manager (GM)-এর ০৫টি পদে এবং Deputy General Manager (DGM)-এর ১১ টি পদের বিপরীতে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ২২ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত GM-এর ০২ টি পদে (HR & Admin, Finance & Accounts) এবং DGM-এর ০৩ টি পদে (S&T, Inspection, Workshop) যোগদান করেছেন। GM (P-Way & Civil) ও DGM (P-Way & Civil/Security) পদের বিপরীতে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে, GM (P-Way & Civil) এবং DGM (Security) পদের বিপরীতে আগামী ০২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে যোগদানের নিমিত্ত যোগদানপত্র ইস্যু করা হয়েছে। অবশিষ্ট পদসমূহের নিয়োগ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। প্রেষণযোগ্য শূন্য পদসমূহে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | স্বচ্ছতার সাথে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। প্রেষণযোগ্য পদে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল |
| | **(ছ) ঢাকা বিআরটি**<br>কোম্পানী সচিব, ঢাকা বিআরটি জানান-<br>(১) ঢাকা বিআরটির ১৩ জন কর্মকর্তা ও ১১ জন কর্মচারীর অনুমোদিত পদ রয়েছে। বর্তমানে ৯ জন কর্মকর্তা ও ৮ জন কর্মচারী কর্মরত আছে। ২ জন কর্মকর্তা প্রেষণে নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রয়েছে। আগামী ৭ ফেব্রুয়ারি ২০২৫ এর মধ্যে কর্মচারীদের ৩ টি পদের লিখিত পরীক্ষা গ্রহণের পরিকল্পনা রয়েছে। | (১) শূন্যপদে জনবল নিয়োগ প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে এবং প্রেষণে কর্মকর্তা পদায়নের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (২) বিআরটি বাস ডিপোতে আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের জন্য সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান Elite Construction এর সাথে ২২.১২.২০২৪ তারিখে চুক্তি সম্পাদন হয়েছে। আগামী ০১.০২.২০২৫ তারিখ হতে জনবল নিয়োগ করা হবে। এজেন্ডাটি বাস্তবায়িত হওয়ায় ক্রমিক (২) এর অংশটুকু আগামী সভার কার্যপত্র হতে বাদ দেয়ার জন্য সভায় উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ)কে পরামর্শ দেয়া হয়। | (২) এজেন্ডাটি আগামী সমন্বয় সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে। | উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |

৩. **অডিট আপত্তির বিবরণী:**

| বিভাগ/দপ্তর/সংস্থা | প্রারম্ভিক জের | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | | | | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | অগ্রিম | খসড়া | এ মাসে প্রাপ্ত | | | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০৩ | ১ | ২ | - | - | ৩ | ০ | ০৩ |
| সওজ অধিদপ্তর | ৭৯৪৭ | ১৩২৫ | ৬০২৪ | ৫৯৮ | - | ৭৯৪৭ | ২৮ | ৭৯১৯ |
| বিআরটিসি | ১১৮৭ | ১৯৬ | ৮৯১ | ১০০ | - | ১১৮৭ | ০ | ১১৮৭ |
| বিআরটিএ | ৩৯৪ | ১৫৩ | ২৪১ | - | - | ৩৯৪ | ০ | ৩৯৪ |
| ডিটিসিএ | ১৭ | ৫ | ১২ | - | - | ১৭ | ০ | ১৭ |
| ডিএমটিসিএল | ৩২ | ৮ | ২৪ | - | - | ৩২ | ০ | ৩২ |
| ঢাকা বিআরটি | ০৫ | ০৫ | - | | | ০৫ | ০ | ০৫ |
| মোট | ৯৫৮৫ | ১৬৯৩ | ৭১৯৪ | ৬৯৮ | ০ | ৯৫৮৫ | ২৮ | ৯৫৫৭ |

নভেম্বর'২৪ মাসে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৯৫৮৫ টি। ডিসেম্বর'২৪ মাসে ২৮টি অডিট আপত্তি নিষ্পত্তি এবং কোনো অডিট আপত্তি অন্তর্ভুক্ত না হওয়ায় বর্তমানে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৯৫৫৭ টি।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| (১) যুগ্মসচিব (বাজেট) জানান যে, ত্রি-পক্ষীয় সভা আয়োজনের জন্য অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। ডিসেম্বর ২০২৪ মাসে ০৫টি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখ DUTP প্রকল্পের ৮টি অগ্রীম অডিট আপত্তির উপর ৩০.১২.২০২৪ তারিখে ত্রি-পক্ষীয় সভা আহবান করা হলেও FAPAD এর প্রতিনিধি না আসায় সভাটি স্থগিত করা হয়। এছাড়া, বিআরটিসি'র ১২টি অডিট আপত্তির প্রমাণকসহ ব্রডশীট জবাব এখনও পাওয়া যায়নি। এ বিষয়ে চেয়ারম্যান, বিআরটিসি'র দৃষ্টি আকর্ষণ করা হয়। যুগ্মসচিব (বাজেট) আরো জানান যে, দীর্ঘদিন ধরে অনিষ্পন্ন বিআরটিএ'র গাড়ী সংক্রান্ত ৭টি অডিট আপত্তি রয়েছে, এগুলো পিএ কমিটিতে উত্থাপিত হবে। এ বিষয়ে বিআরটিএ হতে প্রমাণকসহ ব্রডশীট জবাব চাওয়া হয়েছে, কিন্তু এখনও পাওয়া যায়নি। আপত্তিগুলো যথাযথভাবে পর্যালোচনা করে প্রয়োজনীয় প্রমাণকসহ ব্রডশীট জবাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি বিআরটিএ'র প্রতিনিধিকে পরামর্শ প্রদান করেন। এছাড়া, ডিটিসিএ'র DUTP প্রকল্পের ৮টি অগ্রীম অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সিএন্ডএজি মহোদয়ের সাথে যোগাযোগ করার জন্য যুগ্মসচিব (বাজেট)কে পরামর্শ প্রদান করা হয়। সওজ অধিদপ্তর ও বিআরটিসি'র অডিট আপত্তির সঠিক সংখ্যা reconciliation এর মাধ্যমে নির্ধারণের বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>(২) ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br><br>(৩) ঢাকা বিআরটি হতে জানানো হয়েছে, ২০২২-২৩ অর্থবছরের ৫টি Non SFI আপত্তির জবাবের মধ্যে ইতোমধ্যে ৪টি নিষ্পত্তি করা হয়েছে। অপর ১টি আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান। | (১) (ক) ত্রি-পক্ষীয় সভা আয়োজনের জন্য অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করতে হবে এবং দপ্তর/সংস্থা হতে কার্যপত্র প্রেরণ করতে হবে।<br>(১) (খ) ডিটিসিএ'র DUTP প্রকল্পের ৮টি অগ্রীম অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সিএন্ডএজি মহোদয়ের সাথে যোগাযোগ করতে হবে।<br>(১) (গ) বিআরটিসি'র ১২টি অডিট আপত্তির প্রমাণকসহ ব্রডশীট জবাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(১) (ঘ) বিআরটিএ'র গাড়ী সংক্রান্ত ৭টি অডিট আপত্তি যথাযথভাবে পর্যালোচনা করে প্রয়োজনীয় প্রমাণকসহ ব্রডশীট জবাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(১) (ঙ) reconciliation এর মাধ্যমে সওজ অধিদপ্তর/বিআরটিসি'র অডিট আপত্তির সঠিক সংখ্যা নির্ধারণের উদ্যোগ নিতে হবে।<br>(২) ডিএমটিসিএল এর অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে পূর্ত অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ রাখতে হবে।<br>(৩) অবশিষ্ট ১টি Non SFI আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে FAPAD এর সাথে যোগাযোগ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (হিসাব ও নিরীক্ষা)/ উপসচিব (অডিট)<br><br>নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (বাজেট)<br><br>চেয়ারম্যান, বিআরটিসি<br><br>চেয়ারম্যান, বিআরটিএ<br><br>চেয়ারম্যান (বিআরটিসি)/ প্রধান প্রকৌশলী, সওজ<br><br>ব্যবস্থাপনা পরিচালক, (ডিএমটিসিএল/ ঢাকা বিআরটি) অতিরিক্ত সচিব (বাজেট)/উপসচিব (অডিট) |



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪. | **সড়ক ও জনপথ অধিদপ্তর**<br>**ক. প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা অনুসরণ:**<br>সভাকে অবহিত করা হয় যে, পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য প্রেরিত/অনুমোদন প্রক্রিয়াধীন এবং ভবিষ্যতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে মাননীয় উপদেষ্টা মহোদয়ের বেশকিছু নির্দেশনা রয়েছে। প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক এবং সে অনুযায়ী কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি পুনরায় সকল দপ্তর/সংস্থা প্রধান এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। উল্লেখযোগ্য নির্দেশনাসমূহ হলো:<br>১. চলমান প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা যাবে না তবে Force majeure বা একান্ত প্রয়োজনে বাস্তবতার নিরীখে মেয়াদ বৃদ্ধি বিবেচনা করা যেতে পারে;<br>২. প্রকল্প গ্রহণে সাধারণ মানুষের উপকারিতা এবং সার্বিক ব্যয় হ্রাস সর্বাধিক বিবেচনায় নিতে হবে;<br>৩. প্রকল্পের ভূমি অধিগ্রহণের বিষয়টি কমাতে হবে;<br>৪. অনুমোদিত প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও প্যাকেজ ভেরিয়েশনের বিষয়টি বিশেষ ক্ষেত্র ব্যতীত বিবেচনা করা যাবে না;<br>৫. প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সরকারের ব্যয় সাশ্রয় নীতির প্রতিফলন নিশ্চিত করতে হবে। সড়ক অবকাঠামো নির্মাণে অযৌক্তিক/বাড়তি ব্যয় পরিহার করে যুক্তিযুক্ত ব্যয় প্রাক্কলণ করতে হবে;<br>৬. উপকারভোগী যথাসময়ে প্রকল্পের সুফল ভোগ করবেন। যানজট ও ভ্রমণ সময় হ্রাস করতে হবে; উন্নয়নের ক্ষেত্রে আঞ্চলিক সমতার বিষয়টি বিবেচনা করতে হবে;<br>৭. সড়ক মাস্টারপ্ল্যান প্রণয়নপূর্বক দেশে পরিকল্পিত মহাসড়ক উন্নয়ন কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>৮. বৈদেশিক ঋণে প্রকল্প গ্রহণের ক্ষেত্রেও যথাযথভাবে যাচাই বাছাই করতে হবে;<br>চলমান প্রকল্প ও প্রক্রিয়াধীন প্রকল্পের কার্যক্রম পর্যালোচনাপূর্বক কম গুরুত্বপূর্ণ কার্যক্রম বাদ দেওয়ার বিষয়টি পরীক্ষা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রকল্প গ্রহণ, অনুমোদন ও চলমান প্রকল্প বাস্তবায়নে উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/অতিরিক্ত সচিব (পরিকল্পনা/উন্নয়ন) |
| | **গ. এডিপি'র প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন:**<br>প্রধান প্রকৌশলী সওজ অধিদপ্তর জানান যে, এডিপি'র সকল কাজের প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা ও পিএমপি কাজের বাস্তবায়ন পরিকল্পনা সফটওয়্যারের মাধ্যমে web-based করার কার্যক্রম চলমান আছে। আগামী এপ্রিল-মে এর মধ্যে পাইলটিংভাবে কার্যক্রম শুরু হবে। | এডিপি'র সকল কাজের প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা ও পিএমপি কাজের বাস্তবায়ন পরিকল্পনা সফটওয়্যারের মাধ্যমে (পাইলটিং কার্যক্রম) আগামী এপ্রিল-মে ২০২৫ মাসে শুরু করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |
| | **ঘ. বুয়েট ও অন্যান্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সমূহের সাথে এ বিভাগের সম্পর্ক স্থাপন:**<br>(১) যুগ্মসচিব (জিওবি অধিশাখা) জানান, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত এ বিভাগের সংস্কার পরিকল্পনায় বিশ্ববিদ্যালয় ছাত্রছাত্রীদের প্রকৌশলগত বিষয়ে ব্যবহারিক শিক্ষা প্রদানের উদ্দেশ্যে এবং উদ্ভাবনী ধারণা অন্তর্ভুক্ত করে সড়ক নির্মাণ ব্যয় হ্রাসকরণে বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে। এ লক্ষ্যে সড়ক গবেষণাগার ইউনিট আগামী ১৫ দিনের মধ্যে একটি গবেষণা নীতিমালার খসড়া প্রস্তুত করার বিষয়ে সভায় প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তরকে নির্দেশনা দেয়া হয়।<br>(২) চেয়ারম্যান, বিআরটিসি জানান যে, বিআরটিসি সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা (আইসিডব্লিউএস)'এ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নরত মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের তাত্ত্বিক বিষয়ে অর্জিত জ্ঞানের ব্যবহারিক প্রয়োগের সুযোগ সৃষ্টি করা হয়েছে। ইতোমধ্যে বুয়েট, ডুয়েট, আইইউটি ও অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক বজায় রেখে শিক্ষার্থীদের পেশাগত জ্ঞানার্জন ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে হাতে কলমে শিক্ষা প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য, প্রতিবছর বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র-ছাত্রীরা ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট সম্পন্ন করে থাকে।<br>(৩) ডিটিসিএ হতে জানানো হয়েছে, দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সিভিল ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের তাত্ত্বিক বিষয়ে অর্জিত জ্ঞানের ব্যবহারিক প্রয়োগের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে একাডেমিক কার্যক্রমে যুক্ত শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিতকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদেরকে পর্যায়ক্রমে ডিটিসিএ'তে পরিবহন সংশ্লিষ্ট বিষয়ে অনুষ্ঠিতব্য বিশেষ লার্নিং সেশনে যুক্তকরণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | (ক) বিশ্ববিদ্যালয় ছাত্রছাত্রীদের প্রকৌশলগত বিষয়ে ব্যবহারিক শিক্ষা প্রদান এবং উদ্ভাবনী ধারণা অন্তর্ভুক্ত করে সড়ক নির্মাণ ব্যয় হ্রাসকরণের লক্ষ্যে বিষয়ে আগামী ১৫ দিনের মধ্যে একটি গবেষণা নীতিমালার খসড়া প্রস্তুত করে এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(২) বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র-ছাত্রীদের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের বিষয়টি চলমান রাখতে হবে। বেসরকারি প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাথে এ বিষয়ে সম্পর্ক স্থাপন করতে হবে।<br>(৩) প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিতকরণের লক্ষ্যে লার্নিং সেশনে যুক্ত করতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিসি)/ নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/প্রধান প্রকৌশলী, সওজ |

| ম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **ঙ. বৃক্ষরোপণ:**<br>প্রধান বৃক্ষপালনবিদ, সওজ অধিদপ্তর হতে জানান, সঠিক সময়ে অর্থাৎ বৃক্ষরোপণ মৌসুমে যথাযথ নিয়মে বৃক্ষরোপণ কাজ সম্পন্ন করা হয়েছে। নিয়মিত পরিচর্যা এবং গ্যাপ ফিলিং করার জন্য সংশ্লিষ্ট নির্বাহী বৃক্ষপালনবিদগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী নির্বাহী বৃক্ষপালনবিদগণ কাজ তদারকি করছেন। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বিপুল পরিমান বৃক্ষ কর্তন করা হয়ে থাকে। পরবর্তীতে উপযুক্ত জায়গায় যাতে বৃক্ষরোপন করা হয় এ বিষয়ে প্রত্যেক প্রকল্প পরিচালকদের পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদানের জন্য সভাপতি প্রধান প্রকৌশলী, সওজ এবং প্রধান বৃক্ষপালনবিদকে পরামর্শ প্রদান করেন। | (১) রোপিত বৃক্ষের নিয়মিত পরিচর্যা করতে হবে।<br><br>(২) প্রকল্পের আওতায় কর্তন করা বৃক্ষের স্থলে পরবর্তীতে বৃক্ষরোপনের উদ্যোগ গ্রহণের জন্য প্রত্যেক প্রকল্প পরিচালকগণকে পত্র দিতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/ মনিটরিং টিমের সকল সদস্য/প্রধান বৃক্ষপালনবিদ, সওজ |
| | **চ. ল্যান্ডস্কেপিং গাইডলাইন চূড়ান্তকরণ:**<br>প্রকল্প এরিয়া পরিদর্শন ও অঞ্চলভিত্তিক উপযোগী করে প্রণয়নের লক্ষ্যে বিশেষজ্ঞদের সমন্বয়ে প্রস্তুতকৃত ল্যান্ডস্কেপিং গাইডলাইন পর্যালোচনা করে দ্রুত খসড়া চূড়ান্ত করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | প্রকল্প এরিয়া পরিদর্শন ও অঞ্চলভিত্তিক উপযোগী করে প্রণয়নের লক্ষ্যে বিশেষজ্ঞদের সমন্বয়ে প্রস্তুতকৃত ল্যান্ডস্কেপিং গাইডলাইন এর ওপর একটি খসড়া চূড়ান্ত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ NDC ফোকাল পয়েন্ট কর্মকর্তা/উপসচিব (সওজ সংস্থাপন-২) |
| | **ছ. টোল আদায়:**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান, সওজ অধিদপ্তর হতে জানানো হয়েছে, সকল টোল প্লাজায় অপারেটর নিয়োগ নেই, সে সকল টোলপ্লাজায় বিভাগীয় পদ্ধতিতে টোল আদায় কার্যক্রম চলমান আছে ও অপারেটর নিয়োগ প্রক্রিয়াধীন আছে। মেঘনা ও গোমতী সেতুর টোল আদায়ের অভিযোগের বিষয়ে গঠিত কমিটি কর্তৃক ১৮.১২.২০২৪ তারিখে তদন্তপূর্বক ২২.০১.২০২৫ তারিখে সিনিয়র সচিব বরাবর প্রতিবেদন দাখিল করা হয়েছে। যে সকল টোল প্লাজায় টোল আদায় সম্ভব হচ্ছেনা সে সকল জেলার জেলাপ্রশাসকগণকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রতিমাসে কি পরিমান টোল আদায় হয় তার তথ্য আগামী সভায় উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশনা দেন। | (ক) যে সকল টোল প্লাজায় টোল আদায় সম্ভব হচ্ছেনা সে সকল টোল প্লাজার বিষয়টি জানিয়ে সংশ্লিষ্ট জেলাপ্রশাসকগণকে পত্র দিতে হবে।<br>(খ) টোল আদায়ের মাসভিত্তিক পরিসংখ্যান আগামী সভায় উপস্থাপন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (টোল ও এক্সেল) |
| | **জ. সওজ অধিদপ্তরের ভূমি নামজারি সংক্রান্ত:**<br>(১) প্রধান প্রকৌশলী, সওজ সভাকে অবহিত করেন যে, নামজারির লক্ষ্যে জেলা পরিষদ থেকে সওজ এর নামে হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি প্রেরণের জন্য প্রত্যেক সড়ক বিভাগে পত্র দেওয়া হয়েছে। ১৮টি সড়ক বিভাগের তথ্য পাওয়া গিয়েছে, যা ২১ অক্টোবর ২০২৪ তারিখ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং সড়ক বিভাগকে বাকী তথ্যাদি প্রেরণ করার জন্য ২১ অক্টোবর ২০২৪ তারিখ তাগিদ দেওয়া হয়েছে।<br>(২) জেলা পরিষদ অন্যান্য উৎস থেকে সওজ এর নামে হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য ইতোমধ্যে ৪৬টি সড়ক বিভাগকে তাগিদপত্র দেয়া হয়েছে। তালিকা ও গেজেটের কপি পাওয়া মাত্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমির নামজারির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে। | (১) জেলা পরিষদ অন্যান্য উৎস থেকে সওজ এর নামে হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমির নামজারির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/ প্রধান প্রকৌশলী, সওজ/যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা |
| | **ঝ. Smart Case Management System:**<br>উপসচিব (আইন) জানান যে, উচ্চ আদালতে দায়েরকৃত মামলা Smart Case Management System-এ মামলার প্রাপ্ত সকল তথ্য আপলোড করা হয়েছে এবং এবং মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে সিস্টেমে আপডেটের কার্যক্রম অব্যাহত রয়েছে। সংস্থাভিত্তিক হালনাগাদ আপলোডকৃত মামলার পরিসংখ্যান আগামী সভায় উপস্থাপন করার জন্য সভাপতি সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা দেন। SCMS এ মামলার তথ্য আপলোড করার বিষয়ে এস্টেট ও আইন কর্মকর্তা, ঢাকা জোন জানান, মামলার তথ্য জোনভিত্তিক আপলোড করার access নেই। জোনভিত্তিক মামলার তথ্য আপলোড করা গেলে নির্ভুল, সময় সাশ্রয় ও সহজবোধ্য হতো। এ বিষয়ে উপসচিব (আইন) জানান, সিস্টেমটি যেহেতু মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রস্তুত করা হয়েছে তাই, বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে। | (১) মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে Smart Case Management System আপডেট দিতে হবে।<br>(২) সংস্থাভিত্তিক হালনাগাদ আপলোডকৃত মামলার পরিসংখ্যান আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(৩) জোনভিত্তিক মামলার তথ্য আপলোড করতে access এর জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে পত্র দিতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (আইন)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |
| | **ঞ. উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বের ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধন:**<br>সওজ অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে ফয়দাবাদ, জে.এল.নং-১৪ (সিটি জরিপ) সিমৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের জন্য ২৭৬/২২ নং মিস কেইস রায়ের বিরুদ্ধে আপীল দায়েরের জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী এস.এম. জহুরুল ইসলাম-কে ২৯ অক্টোবর ২০২৪ তারিখ নিয়োগ প্রদান করা হয়েছে। তাঁর সাথে সার্বক্ষনিক যোগাযোগ অব্যাহত আছে। | উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে ফয়দাবাদ, জে.এল.নং-১৪ (সিটি জরিপ) সিমৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের জন্য এসিল্যান্ডের রায়ের বিরুদ্ধে আপীল করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ /এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় |



CamScanner

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>ট. তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা উদ্ধার<br>সওজ অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারের বিষয়ে বিজ্ঞ জেলা জজ আদালতে আপীল দায়েরের জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব আশরাফ উদ্দিন এর নিয়োগ বাতিল করে বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব এসএম জহরুল ইসলামকে নিয়োগ দেওয়া হয়েছে। জায়গা উদ্ধারের বিষয়ে আইনি প্রচেষ্টা অব্যাহতসহ জোরালো পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। বিষয়টি ত্বরান্বিত করার জন্য এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এর সাথে সাক্ষাত করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।</td><td>(১) তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারের বিষয়ে আইনী প্রচেষ্টা অব্যাহতসহ জোরালো পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(২) বিষয়টি ত্বরান্বিত করার জন্য এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এর সাথে সাক্ষাত করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ঠ. কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণ:<br>সওজ অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন নিয়ে মোট ১৩ টি মামলা রয়েছে। দায়েরকৃত মামলাগুলো একটি বেঞ্চে আনয়নের এবং মামলার সর্বশেষ অবস্থা জানানোর জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী এস.এম. জহরুল ইসলাম-কে পত্র দেয়া হয়েছে।</td><td>কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন অপসারণের উদ্দেশ্যে দায়েরকৃত মামলাগুলো একটি বেঞ্চে এনে শুনানী করার জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী ও অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এর সাথে যোগাযোগ রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ড. মহাখালীতে ইউনিভার্সাল মেডিকেল কলেজের পাশে ইউরেকা ফিলিং স্টেশন ও কার পার্কিং এর জায়গা উদ্ধার:<br>সওজ অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, ইউনিভার্সাল মেডিকেল কলেজের পাশে স্থাপিত ইউরেকা ফিলিং স্টেশন ও কার পার্কিং এর জায়গা পুনরুদ্ধারকল্পে আইনি প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য নির্বাহী প্রকৌশলী, সওজ, ঢাকা সড়ক বিভাগকে পত্র দেয়া হয়েছে এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের বিজ্ঞ প্যানেল আইনজীবী এস.এম. জহরুল ইসলাম-কে সাথে নিয়ে বিজ্ঞ অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এর সাথে মিটিং করা হয়েছে। বিজ্ঞ প্যানেল আইনজীবী এস.এম. জহরুল ইসলাম ও বিজ্ঞ অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এর সাথে যোগাযোগ অব্যাহত আছে।</td><td>ইউনিভার্সাল মেডিকেল কলেজের পাশে স্থাপিত ইউরেকা ফিলিং স্টেশন ও কার পার্কিং এর জায়গা পুনরুদ্ধারকল্পে আইনি প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ/এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়, সওজ</td></tr>
<tr><td></td><td>ঢ. অবৈধ স্থাপনা অপসারণ:<br>সওজ অধিদপ্তর হতে প্রাপ্ত ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ভূমির পরিমান, উদ্ধারকৃত ভূমির পরিমান এবং সওজ ভূমিতে বিদ্যমান অবৈধ স্থাপনার সংখ্যা ও উচ্ছেদের তথ্য নিম্নরূপ:<br>অবৈধ স্থাপনা ও অপসারণের তথ্য:
<table>
<tr><th>ডিসেম্বর ২০২৪ মাস পর্যন্ত অবৈধ দখলকৃত ভূমি পরিমান</th><th>উদ্ধারকৃত ভূমির পরিমান</th><th>ডিসেম্বর ২০২৪ মাস পর্যন্ত মোট অবৈধ স্থাপনা</th><th>উচ্ছেদকৃত অবৈধ স্থাপনা</th></tr>
<tr><td>৩৩৯৫৬.৪৫ (শতাংশ)</td><td>২৫৬৭.১৫ (শতাংশ)</td><td>৩০২৪১টি</td><td>২০৪৬টি</td></tr>
</table>
অবৈধ বিলবোর্ড স্থাপন ও অপসারণের তথ্য:
<table>
<tr><th>অবৈধভাবে স্থাপিত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা (ডিসেম্বর ২০২৪ মাস পর্যন্ত)</th><th>ডিসেম্বর/২৪ মাসে উচ্ছেদকৃত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা</th><th>হালনাগাদ অবৈধভাবে স্থাপিত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা</th></tr>
<tr><td>২৩০০</td><td>১৫৭</td><td>২১৪৩</td></tr>
</table>
উচ্ছেদ অভিযানের মাধ্যমে উদ্ধারকৃত জায়গার নাম, খতিয়ান ও দাগ নাম্বারসহ পরিমান ও আনুমানিক মূল্য সম্বলিত প্রতিবেদন মন্ত্রালয়ে প্রেরণ ও আগামী সভায় উপস্থাপন করার জন্য সভাপতি এস্টেট ও আইন কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন।</td><td>(১) উচ্ছেদ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) উচ্ছেদ অভিযানের মাধ্যমে উদ্ধারকৃত জায়গার নাম, খতিয়ান ও দাগ নম্বরসহ পরিমান ও আনুমানিক মূল্য সম্বলিত প্রতিবেদন মন্ত্রালয়ে প্রেরণ ও আগামী সভায় উপস্থাপন করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন)/ যুগ্মসচিব সচিব (এস্টেট)/ এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td></td><td>ণ. ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবহার :<br>প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন যে,<br>(১) ETC বাস্তবায়নের জন্য Toll collection management system এ ১টি নুতন API তৈরী করা হয়েছে, যার মাধ্যমে সকল ব্যাংক ও সকল মোবাইল ফাইন্যান্সিয়াল অপারেটর এই API ব্যবহার করে গ্রাহকগণ ইটিসি এর জন্য সরাসরি রেজিস্ট্রেশন করতে পারবেন। বর্তমানে টোল প্লাজায় RFID, ANPR ও ম্যানুয়ালি এই তিন মাধ্যমে cashless Transection করতে পারে। RFID ঠিকভাবে কাজ না করলেও ANPR এর মাধ্যমে ETC করা হচ্ছে। RFID ত্রুটি সমাধানের জন্য BRTA এর সাথে আলোচনা করা হয়েছে এবং টোল প্লাজায় অবস্থিত RFID</td><td>(১) (ক) RFID ট্যাগ নষ্ট হওয়ার বিষয়টি টোল বুথ থেকে জানিয়ে দেয়ার ব্যবস্থা নিতে হবে।<br>(১)(খ) বাংলাদেশ ব্যংকের অধিভুক্ত আরো একাধিক</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (আরটিএইচডি)</td></tr>
</table>

E:\cordination\Resulation\কার্যবিবরণী 29.01.2025.doc



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | এর পজিশন পরিবর্তন করে ত্রুটি সংশোধনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। RFID ট্যাগ বিষয়ে সিস্টেম এনালিস্ট জানান, অনেক সময় গাড়ীর মালিক RFID নষ্ট হওয়ার বিষয়টি অবগত না থাকায় ETC সিস্টেমে টোল পরিশোধ করতে পারেন না। RFID ট্যাগ নষ্ট হওয়ার বিষয়টি টোল বুথ থেকে জানিয়ে দেয়া হলে মালিক বিষয়টি অবগত হতে পারেন এবং RFID ট্যাগটি পরিবর্তন করে নিতে পারেন। এ বিষয়ে সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান, মোবাইল ফাইন্যান্সিং সিস্টেমে রকেট ও উপায় ২টি প্রতিষ্ঠান ETC সিস্টেমের সাথে যুক্ত আছে। বাংলাদেশ ব্যংকের অধিভুক্ত আরো একাধিক ব্যাংক ও মোবাইল ফাইন্যান্সিং সিস্টেমে এর সাথে যুক্ত করা হলে গ্রাহক সহজে ETC ব্যবহারে আগ্রহী হবেন। এ বিষেয় সওজ অধিদপ্তর প্রয়োজনীয় উদ্যোগ নিতে পারে মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br>২. ETC ব্যবহারে ১০% আর্থিক সুবিধাসহ অন্যান্য সুবিধার ETC সিস্টেমে টোল পরিশোধ বিষয়গুলো উল্লেখ করে দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন প্রচার অব্যাহত রয়েছে। উল্লেখ্য সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর থেকে সর্বশেষ ১২ ডিসেম্বর ২০২৪ তারিখ The Business Standard, দেশ রুপান্তর পত্রিকায় বিজ্ঞাপন প্রচার করা হয়েছে। | ব্যাংককে ETC এর সাথে যুক্ত করার বিষয়টি পর্যালোচনা করে দেখতে হবে।<br>(২) ইটিসি ব্যবহারে আর্থিক সুবিধাসহ অন্যান্য সুবিধার বিষয়গুলো উল্লেখ করে দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন প্রচার অব্যাহত রাখতে হবে। | |
| | **ড. পেট্রোল পাম্পে প্রবেশ ও বহির্গমনের জন্য সওজ এর ভূমি ব্যবহারের ইজারা মূল্য প্রদান:**<br>(১) সওজ অধিদপ্তর হতে জানানো হয়েছে, মাঠপর্যায়ে পেট্রোল পাম্পের মালিকদের নোটিশ প্রদান করা হয়েছে। সকল জোন হতে তথ্যাদি সংগ্রহকরতঃ তালিকা তৈরির কাজ চলমান রয়েছে।<br>(২) সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) জানান, এ বিষয়ে জোনভিত্তিক হালনাগাদ তথ্য চেয়ে সওজ অধিদপ্তর বরাবর পত্র ও ২টি তাগিদপত্র দেওয়া হয়েছে। | যে সকল পেট্রোল পাম্প ইজারামূল্য পরিশোধ করছে না তাদের তালিকা প্রস্তুতপূর্বক দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/যুগ্মসচিব (এস্টেট) |
| | **ত. যুগোপযোগী টোল আদায় সিস্টেম চালু:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে যুগোপযোগী সিস্টেমে টোল আদায়ের লক্ষ্যে পদ্মা সেতুতে স্থাপিত অপটিক্যাল ফাইবার ব্যবহার এবং সার্ভার স্টেশন স্থাপন বিষয়ে সেতু কর্তৃপক্ষের সাথে MoU চূড়ান্ত করার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। এ বিষয়ে সেতু কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে যুগোপযোগী সিস্টেমে টোল আদায়ের লক্ষ্যে সেতু কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে দ্রুত MoU চূড়ান্ত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ উপসচিব (টোল ও এক্সেল) |
| ৫. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**<br>**ক. ড্রাইভিং লাইসেন্স প্রদানকালীন পরীক্ষা গ্রহণ:**<br>বিআরটিএ'র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ড্রাইভিং লাইসেন্স প্রদানে প্রার্থীদের সঠিক নিয়মে পরীক্ষাগ্রহণের লক্ষ্যে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে সিভিল সার্জনের প্রতিনিধিসহ ০৬ সদস্য বিশিষ্ট বোর্ডের মাধ্যমে যাচাই -বাছাই কার্যক্রম পরিচালিত হচ্ছে। | ড্রাইভিং লাইসেন্স প্রদানে প্রার্থীদের সঠিক নিয়মে পরীক্ষাগ্রহণের বিষয়টি নিশ্চিত করতে সর্বাত্বক প্রেচেষ্টা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/সংশ্লিষ্ট বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট |
| | **প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক ড্রাইভিং লাইসেন্স প্রদান:**<br>গ্রাহকের ভোগান্তি লাঘব ও দ্রুত ড্রাইভিং লাইসেন্স প্রদানে স্বীকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি মূল্যায়ন পরীক্ষার মাধ্যমে ড্রাইভিং লাইসেন্স প্রদান করার বিষয়ে উদ্যোগ নেওয়া প্রয়োজন মর্মে আলোচনা হয়। এ বিষয়ে সভাপতি বলেন, বিআরটিসি'র ড্রাইভিং প্রশিক্ষণ প্রদানের সক্ষমতা রয়েছে। প্রশিক্ষণ সমাপনান্তে মূল্যায়নের মাধ্যমে সরাসরি লাইসেন্স প্রদান করতে পারে। ফলে, একজন গ্রাহকের বার বার বিআরটিএ অফিসে যাওয়ার প্রয়োজন হবেনা। দেশের বিভিন্ন স্বীকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠান এ কার্যক্রম গ্রহণ করতে পারে। উদ্যোগটি বিআরটিএ কর্তৃক যাচাই বাছাই করে এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নিতে পারে মর্মে সভায় গুরুত্বারোপ করা হয়। | স্বীকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে প্রশিক্ষণ ও মূল্যায়ণ শেষে ড্রাইভিং লাইসেন্স প্রদানের উদ্যোগটি বিআরটিএ কর্তৃক যাচাই বাছাই করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নিতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| | **খ. QR কোডযুক্ত ই-ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট:**<br>বিআরটিএ'র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, PVC কার্ড সংগ্রহের (প্রকিউরমেন্ট) নিমিত্ত ভেন্ডর প্রতিষ্ঠান নির্বাচনের উদ্দেশ্যে উন্মুক্ত দরপত্র আহবানের জন্য কমিটি গঠন করা হয়েছে। নতুন ভেন্ডর নির্বাচন প্রক্রিয়া চলমান রয়েছে। PVC কার্ড প্রিন্টিং এর বিষয়ে বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী (বিএমটিএফ) এর নিকট হতে একটি প্রস্তাব পাওয়া গিয়েছে। প্রস্তাবটি মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে কিছু প্রয়োজনীয় তথ্যাদি অন্তর্ভুক্ত করে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। QR কোডযুক্ত ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট করার বিষয়ে বিএমটিএফ এর প্রস্তাব পর্যালোচনাপূর্বক আগামী ১৫ দিনের মধ্যে বিষয়টি চূড়ান্ত করার জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। | PVC কার্ডে QR কোডযুক্ত ই-ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং করার বিষয়ে বিএমটিএফ এর প্রস্তাব পর্যালোচনাপূর্বক বিষয়টি দ্রুত চূড়ান্ত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| | **গ. ডাক বিভাগের মাধ্যমে প্রিন্টিং ড্রাইভিং লাইসেন্স সরবরাহ:**<br>বিআরটিএ'র প্রতিনিধি জানান, গত ২২.১২.২০২৪ ও ২০.০১.২০২৫ তারিখ বিআরটিএ ও ডাক বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে দুইটি সভা করা হয়েছে। ৫৫ হাজার পেন্ডিং কার্ড ডাক বিভাগ কর্তৃক গ্রাহক পর্যায়ে পৌছে দেওয়া হয়েছে। বর্তমানে ডাক বিভাগের নিকট ডেলিভারীর জন্য কোন কার্ড পেন্ডিং নেই। ডাক বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ রাখার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | প্রিন্টিং ড্রাইভিং লাইসেন্স গ্রাহকের নিকট পৌছে দিতে নিয়মিত ডাক বিভাগের সাথে যোগাযোগ রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |

CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **ঘ. ভেহিকল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) স্থাপন ও পরিচালনা:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান যে-<br>(১) বন্ধ থাকা ভিআইসি চালু করার লক্ষ্যে PDPP প্রস্তুতপূর্বক গত ১৫.১২.২০২৪ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। | (১) বন্ধ থাকা ভিআইসি চালু করার লক্ষ্যে বিআরটিএ হতে এ বিভাগে প্রাপ্ত PDPP এর ওপর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিসি/ বিআরটিএ)/ অতিরিক্ত সচিব (পরিকল্পনা) |
| | (২) World Bank এর আর্থিক সহযোগিতায় নতুন করে ১০টি ভিআইসি স্থাপনের লক্ষ্যে গত ১২.১২.২০২৪ তারিখে PDPP সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রেরিত PDPP এর উপর পরবর্তী কার্যক্রম হিসেবে DPP প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। | (২) নতুন ১০টি করে ভিআইসি স্থাপনের লক্ষ্যে বিআরটিএ হতে এ বিভাগে প্রাপ্ত PDPP এর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। এবং DPP প্রস্তুতের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | |
| | (৩) বিআরটিএ, ঢাকা মেট্রো-২ সার্কেল, ইকুরিয়া, কেরাণীগঞ্জ, ঢাকা কার্যালয়ের ভেহিকল ইন্সপেকশন সেন্টার(ভিআইসি)সহ অনুমোদিত দশতলা ভিত বিশিষ্ট ভিআইসি ভবন নির্মাণের নিমিত্ত নতুন জায়গা নির্ধারণের জন্য ২৫.০৯.২০২৪ তারিখ প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয় এবং প্রেরিত পত্রের বিপরীতে কোনো জবাব না পাওয়ায় পুনরায় একটি তাগিদপত্র প্রেরণের কাজ চলমান রয়েছে। | (৩) ঢাকা মেট্রো-২ সার্কেল, ইকুরিয়া, কেরাণীগঞ্জ ঢাকা কার্যালয়ে ভিআইসি স্থাপনের জন্য জায়গা প্রাপ্তির বিষয়ে প্রধান প্রকৌশলীর সাথে আলোচনা করে সমাধান করতে হবে। | |
| | (৪) বিআরটিএ, চট্টগ্রাম কার্যালয়ের অভ্যন্তরে ০৩-লেন থেকে ০৮-লেন বিশিষ্ট ভিআইসি নির্মাণের নিমিত্ত বিআরটিসি হতে অতিরিক্ত জায়গা বুঝে পেতে চেয়ারম্যান, বিআরটিসি বরাবর পত্র দেওয়া হয়েছে। প্রেরিত পত্রের বিপরীতে কোনো জবাব না পাওয়ায় পুনরায় একটি তাগিদপত্র প্রেরণের কাজ চলমান রয়েছে। | (৪) বিআরটিএ, চট্টগ্রাম কার্যালয়ের অভ্যন্তরে ০৮-লেন বিশিষ্ট ভিআইসি নির্মাণের লক্ষ্যে জায়গা প্রাপ্তির বিষয়ে চেয়ারম্যান, বিআরটিসি'র সাথে আলোচনা করে সমাধান করতে হবে। | |
| | **ঙ. বিআরটিএ'র সেবা গ্রহণকালীন সহযোগীতা প্রদান**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান যে, সেবা নিতে আসা বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য আলাদা ডেস্ক করে সেবা প্রদানের লক্ষ্যে ৩০ অক্টোবর ২০২৪ তারিখ সকল বিভাগীয় পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে চট্টগ্রাম, বরিশাল ও খুলনা বিভাগীয় শহরে বিআরটিএ অফিসে কার্যক্রম শুরু হয়েছে। পর্যায়ক্রমে সকল বিভাগীয় অফিসে এ সেবা চালু করা হবে। | পর্যায়ক্রমে সকল বিভাগীয় অফিসে বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য আলাদা ডেস্ক স্থাপনের ব্যবস্থা করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| | **চ. সড়ক নিরাপত্তা (Road Safety) সংক্রান্ত তথ্য:**<br>(১) চেয়ারম্যান, বিআরটিএ সভাকে অবহিত করেন যে, নিয়মিতভাবে সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ করা হচ্ছে। বিআরটিএ কর্তৃক গৃহীত ব্যবস্থা ও সড়কের সার্বিক নিরাপত্তা সংক্রান্ত প্রেস ব্রিফিং ১৯ ডিসেম্বর ২০২৪ তারিখ করা হয়। ডিসেম্বর ২০২৪ মাসে সড়ক দূর্ঘটনার তথ্য নিম্নরূপ:<br><br>দুর্ঘটনার সংখ্যা: ৪৯৯ — নিহতের সংখ্যা: ৪৯৯ — আহতের সংখ্যা: ৫০১ | (১) নিয়মিতভাবে দুর্ঘটনার তথ্য সংগ্রহ অব্যাহত রাখতে হবে এবং সড়ক দুর্ঘটনার তথ্য প্রেস ব্রিফিং করে প্রচার করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ যুগ্মসচিব (বিআরটিএ/রোড সেফটি) |
| | (২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য দৈনিক জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ বিভিন্ন টিভি চ্যানেলে সড়ক নিরাপত্তামূলক তথ্য/স্লোগান ও টিভি ফিলার নিয়মিতভাবে প্রচার করা হচ্ছে। এছাড়া, বিভিন্ন গুরুত্বপূর্ণ স্পট ও জনসমাগম এলাকায় প্রচার প্রচারণা কার্যক্রম অব্যাহত আছে। সম্প্রতি ০৮/১১/২০২৪, ১৬/০১/২০২৫ ও ১৯/০১/২০২৫ তারিখে যথাক্রমে ফার্মগেট, কাকরাইল ও মিরপুর-১ নং এলাকায় লিফলেট, ব্রশিয়ার বিতরণ এবং স্টিকার, পোস্টার লাগানোর মাধ্যমে সড়ক নিরাপত্তা বিষয়ে জনসচেতনতামূলক প্রচার প্রচারণা কার্যক্রম পরিচালনা করা হয়েছে। সর্বশেষ গত ২৩.০১.২০২৫ তারিখে মিরপুরস্থ গোলচত্তরে লিফলেট, ব্রুশিয়ার বিতরণসহ অংশীজনের সমন্বয়ে সড়কে নিরাপত্তা সংক্রান্ত সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়। | (২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য বিভিন্ন গুরুত্বপূর্ন স্পট ও জনসমাগমপূর্ব এলাকায় প্রচার-প্রচারণা এবং পত্র-পত্রিকা ও গণমাধ্যমে সচেতনতামূলক লেখা বিজ্ঞাপন আকারে প্রচার অব্যাহত রাখতে হবে। | |
| | (৩) সড়ক নিরাপত্তা নিশ্চিত করতে সাইন সিগনাল স্থাপন করা খুবই জরুরী। ঢাকাসহ বিভিন্ন বিভাগীয় শহর এবং গুরুত্বপূর্ণ স্থানে মহাসড়কে সকল ধরণের সাইন সিগনাল স্থাপনের কাজ দ্রুত শুরু করার জন্য সভাপতি প্রধান প্রকৌশলীকে পুনরায় পরামর্শ দেন। আগামী ৩-৪ মাসের মধ্যে দৃশ্যমান অগ্রগতি আনার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। আগামী ১ মাসের মধ্যে কি পরিমান সাইন সিগনাল স্থাপন করা হবে তার তালিকা প্রেরণ করার জন্য প্রধান প্রকৌশলীকে সভায় পরামর্শ প্রদান করা হয়। | (৩) মহাসড়কে সকল ধরণের সাইন সিগনাল স্থাপনের কাজ দ্রুত শুরু করতে হবে ৩-৪ মাসের মধ্যে দৃশ্যমান অগ্রগতি আনতে হবে। আগামী ১ মাসে কি পরিমান সাইন সিগনাল স্থাপন করা হবে তার তালিকা ৭ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |

CS CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **ছ. মোবাইল কোর্ট পরিচালনা:**<br>চেয়ারম্যান, বিআরটিএ সভাকে অবহিত করা হয় যে, বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক অধিভুক্ত এলাকায় ও জাতীয় মহাসড়কে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে। ডিসেম্বর/২৪ মাসে ১২টি অভিযান পরিচালনা করে ১৬টি মামলায় ৩৪০০০/- টাকা জরিমানা আদায়সহ ৫টি গাড়ীকে ডাম্পিং করা হয়। সভাপতি বলেন শহরের বাইরে অনেক যানবাহনে নাম্বার প্লেট ব্যবহার করা হয়না। তাই শহরের বাইরে মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন। বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং জেলা প্রশাসনের সহযোগিতায় মাসে ১০টি করে মোবাইল কোর্ট পরিচালনার জন্য সভাপতি নির্দেশনা দেন। | (১) বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহযোগিতায় জাতীয় মহাসড়ক এবং শহরের বাইরে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>(২) প্রতিটা জেলায় মাসে ১০টি করে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (বিআরটিএ) |
| | **জ. স্ক্র্যাপ নীতিমালা:**<br>সহকারী সচিব (বিআরটিএ) জানান যে, স্ক্র্যাপ নীতিমালা সংক্রান্ত বিভিন্ন দপ্তর/সংস্থার মতামত পাওয়া গিয়েছে। শীঘ্রই স্ক্র্যাপ নীতিমালা চূড়ান্ত করার লক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভা আহবান করা হবে। | স্ক্র্যাপ নীতিমালা চূড়ান্ত করার জন্য আগামী সভার পূর্বে আন্ত:মন্ত্রণালয় সভা আহবান করতে হবে। | যুগ্মসচিব (বিআরটিএ) |
| | **ঝ. গাড়ীতে আরএফআইডি ট্যাগ স্থাপন:**<br>বিআরটিএ প্রতিনিধি জানান যে, গাড়িতে আরএফআইডি ট্যাগ সংযোজন কার্যক্রম অব্যাহত আছে। ডিসেম্বর ২০২৪ মাসে ৩০,৫৩৯ সেট রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ মোটরযানে সংযোজন করা হয়েছে। | গাড়িতে আরএফআইডি ট্যাগ সংযোজন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং আরএফআইডি ট্যাগ কার্যকর কিনা ভাল করে চেক করে দেখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ /যুগ্মসচিব (বিআরটিএ) |
| | **ঞ. মালবাহী গাড়ী ও নির্মাণ কাজে ব্যবহৃত যানবাহনের রেজিস্ট্রেশন সংক্রান্ত:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান যে-<br>১. মালবাহী বড় গাড়ী, ট্যাংক, লরি ও নির্মাণ কাজে ব্যবহৃত বিভিন্ন ধরনের সরকারি/বেসরকারি ভারী যানবাহনের রেজিস্ট্রেশন ও ফিটনেস গ্রহণ করার বিষয়ে বিভিন্ন দৈনিক জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। এছাড়া উক্ত বিষয়ে প্রচার প্রচারণা অব্যাহত রয়েছে।<br>২. মালবাহী গাড়ীর এক্সেল লোড নিয়ন্ত্রণে করণীয় বিষয়ে হাইওয়ে পুলিশের সাথে বসে এখনো সভা হয়নি। তবে, দ্রুত সভা আয়োজনের জন্য যোগাযোগ করা হচ্ছে। | (১) মালবাহী বড় গাড়ী, ট্যাংক, লরি ও নির্মাণ কাজে ব্যবহৃত বিভিন্ন ধরণের সরকারি/বেসরকারি ভারী যানবাহনের রেজিস্ট্রেশন ও ফিটনেস গ্রহণে বাধ্য করতে হবে। বিষয়টি প্রচার প্রচারণার মাধ্যমে সকলকে অবহিত করতে হবে।<br>(২) মালবাহী গাড়ীর এক্সেল লোড নিয়ন্ত্রণে করণীয় বিষয়ে হাইওয়ে পুলিশের সাথে বসে আলোচনা করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ যুগ্মসচিব (বিআরটিএ) |
| | **ট. ইলেকট্রিক মোটরযানের উপর সারচার্জ আরোপ:**<br>সহকারী সচিব (বিআরটিএ) সভাকে অবহিত করেন যে, বিআরটিএ-এর প্রস্তাবের প্রেক্ষিতে ইলেক্ট্রিক মোটরযানের ওপর পরিবেশ সারচার্জ আরোপ না করার বিষয়ে NBR বরাবর ২৭ নভেম্বর ২০২৪ তারিখ পত্র দেওয়া হয়েছে। এ বিষয়ে যোগাযোগ অব্যাহত আছে। | ইলেক্ট্রিক মোটরযানের ওপর পরিবেশ সারচার্জ আরোপ না করার বিষয়ে NBR এর সাথে যোগাযোগ রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ বিআরটিএ |
| ৬. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন:**<br>**ক. বিআরটিসি'র নিজস্ব সক্ষমতায় গাড়ী প্রস্তুত:**<br>সিনিয়র সহকারী সচিব (বিআরটিসি) জানান, বিআরটিসির নিজস্ব সক্ষমতায় ২টি গাড়ী প্রস্তুতের বিষয়ে মন্ত্রণালয় হতে প্রশাসনিক অনুমোদন দেয়া হয়েছে। | যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে গাড়ী প্রস্তুতের কার্যক্রম শুরু করতে হবে। | চেয়াম্যান, বিআরটিসি |
| | **খ. বিআরটিসি'র পর্যটন বাস চালু:**<br>চেয়ারম্যান, বিআরটিসি অবহিত করেন যে, পর্যটকদের চাহিদা বিবেচনায় কক্সবাজারসহ অন্যান্য পর্যটন এরিয়ায় পর্যটক বাস সার্ভিস চালু রয়েছে। | পর্যটকদের চাহিদা বিবেচনায় পর্যটক বাস সার্ভিস চালুর কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **গ. বিআরটি লেনে বিআরটিসি বাস চালু:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, নিয়মিত তদারকির মাধ্যমে বিআরটি লেনে বিআরটিসির বাস চলাচল অব্যাহত রয়েছে। | বিআরটি লেনে বিআরটিসির বাস চলাচল অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **ঘ. পরিচালনা পরিষদ:** সিনিয়র সহকারী সচিব (বিআরটিসি) জানান যে, বিআরটিসি পরিচালনা পরিষদ পুনর্গঠনের লক্ষ্যে প্রতিনিধি চেয়ে বিভাগীয় কমিশনার কার্যালয়ে ১৭ ডিসেম্বর ২০২৪ তারিখ তাগিদপত্র দেওয়া হয়েছে। অদ্যাবধি ঢাকা, খুলনা, রংপুর বিভাগীয় কমিশনারের অফিস হতে প্রতিনিধি পাওয়া যায়নি। | প্রতিনিধির বিষয়ে বিভাগীয় কমিশনার কার্যালয়ের সাথে যোগাযোগ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ৭. | **ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ:**<br>**ক. Special Purpose Company (SPC) গঠন আইন প্রণয়ন: (ক্লিয়ারিং হাউজ ব্যবস্থাপনা আইন, ২০২৪)**<br>নির্বাহী পরিচালক, ডিটিসিএ জানান, Rapid Pass ও ক্লিয়ারিং হাউস কার্যপদ্ধতি মন্ত্রণালয়ের দুইজন প্রতিনিধি ২৬ জানুয়ারি ২০২৫ সরেজমিনে পরিদর্শন করেন। এ বিষয়ে তিনি আরো জানান, Common Ticketing ব্যবস্থাকে প্রতিযোগিতামূলক বাজারে টেকসই (Sustainable) করতে SPC গঠনের লক্ষ্যে ক্লিয়ারিং হাউজ এবং র‍্যাপিড পাস ম্যানেজমেন্ট সেল গঠন করা প্রয়োজন। তিনি এ ব্যাপারে সভাপতির অনুমতি চান। এ বিষয়ে সভাপতি বলেন যে, উপযুক্ত মনে করলে নির্বাহী পরিচালক নিজেই সেল গঠন করতে পারেন। | (ক) র‍্যাপিড পাস ও ক্লিয়ারিং হাউজ সিস্টেমের কার্যপদ্ধতি ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বিষয়ে সরেজমিন পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।<br>(খ) বিষটি পরীক্ষান্তে উপযুক্ত মনে হলে নির্বাহী পরিচালক, ডিটিসিএ ক্লিয়ারিং হাউজ এবং র‍্যাপিড পাস ম্যানেজমেন্ট সেল গঠন করবেন। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ যুগ্মসচিব (এমআরটি) |
| | **খ. বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫:**<br>যুগ্মসচিব (ডিটিসিএ) সভাকে অবহিত করেন যে, বাস পরিবহন সেবা পরিচালনা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ) বিধিমালা-২০২৪ এর খসড়ার ওপর সর্বশেষ ২৪.০৯.২০২৪ তারিখ অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। শীঘ্রই আরেকটি সভা অনুষ্ঠিত হবে। | বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫ প্রণয়ন ত্বরান্বিত করতে হবে। | অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ নির্বাহী পরিচালক, ডিটিসিএ/যুগ্মসচিব (ডিটিসিএ) |
| | **গ. ডিটিসিএ'র পরিচালনা পর্ষদ পুনর্গঠন:**<br>উপসচিব, ডিটিসিএ শাখা জানান, পরিচালনা পর্ষদ পুনর্গঠনের নিমিত্ত সার-সংক্ষেপ প্রধান উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়েছে। | সার-সংক্ষেপ অনুমোদিত হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট/আরবান ট্রান্সপোর্ট)/নির্বাহী পরিচালক, ডিটিসিএ |
| | **ঘ. ভবিষ্য তহবিল প্রবিধানমালা ২০২৫**<br>ডিটিসিএ'র কর্মচারিদের জন্য প্রদেয় ভবিষ্য তহবিল প্রবিধানমালা ২০২৫ এর খসড়া পর্যালোচনাপূর্বক মতামত প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বিদ্যুৎ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, পানি উন্নয়ন বোর্ড, রপ্তানি উন্নয়ন ব্যুরোকে ১৭ নভেম্বর ২০২৪ তারিখ পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোনো মতামত পাওয়া যায়নি। ১০ ডিসেম্বর ২০২৪ তারিখ তাগিদপত্র দেওয়া হয়েছে। | সংশ্লিষ্ট দপ্তর হতে মতামত প্রাপ্তির পর ভবিষ্য তহবিল প্রবিধানমালা ২০২৫ এর খসড়া প্রস্তুত করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট/আরবান ট্রান্সপোর্ট)/নির্বাহী পরিচালক, ডিটিসিএ |
| ৮. | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)**<br>**ডিএমটিসিএল'র আয়ের হিসাব:**<br>এমআরটি পাস এবং সিঙ্গেল জার্নি টিকেটে বিক্রিত আয় এবং ডিএমটিসিএল এর অপারেশনাল ব্যয়ের হিসাব বিবরণীর তথ্য নিম্নরূপ: | এমআরটি পাস এবং সিঙ্গেল জার্নি টিকেটের বিক্রিত আয় এবং ডিএমটিসিএল এর অপারেশনাল ব্যয়ের হিসাব বিবরণী সভাকে অবহিত করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল |

| স্মার্ট কার্ড (Rapid Pass & MRT Pass) ব্যবহার করে ডিএমটিসিএল এর আয় | সিঙ্গেল জার্নির টিকেট বিক্রির মাধ্যমে ডিএমটিসিএল এর সম্ভাব্য আয় (উল্লেখ্য, ডিএমটিসিএল'র সিঙ্গেল জার্নির টিকেট থেকে আয় ক্লিয়ারিং হাউজ সেটেলমেন্ট করে না) | ডিএমটিসিএল'র মোট আয় |
|---|---|---|
| ১৯৩,৯৩,০৮,৫৮৫.৯৪ (একশত তিরানব্বই কোটি তিরানব্বই লক্ষ আট হাজার পাঁচশত পঁচাশি টাকা চুরানব্বই পয়সা) | ২৩২,১২,৩৫,৭৮৭ (দুইশত বত্রিশ কোটি বারো লক্ষ পঁয়ত্রিশ হাজার সাতশত সাতাশি টাকা) | ৪২৬,০৫,৪৪,৩৭২.৯৪ (চারশত ছাব্বিশ কোটি পাঁচ লক্ষ চুয়াল্লিশ হাজার তিনশত বাহাত্তর টাকা চুরানব্বই পয়সা) |

| | | | |
|---|---|---|---|
| | **মেট্রোরেলের টিকেট বিষয়ে সিদ্ধান্ত:**<br>ব্যবস্থাপনা পরিচালক ডিএমটিসিএল জানান, মেট্রোরেলে দৈনিক প্রায় ৩ থেকে ৪ লক্ষ যাত্রী যাতায়াত করে। তন্মধ্যে প্রাপ্ত ৪০০ বা ৫০০ কার্ড যাত্রী ফেরত দেন না। এতে প্রায় মাসে ১৫০০০ কার্ড হারিয়ে যাচ্ছে। তাই টিকেট সিস্টেমে পরিবর্তন আনা প্রয়োজন। এ বিষয়ে অতিরিক্ত সচিব | মেট্রোরেলের টিকেট সিস্টেমে পরিবর্তন আনার বিষয়ে অতিরিক্ত সচিব (আরবান | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (আরবান |

CS CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (আরবান ট্রান্সপোর্ট)-কে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনাপূর্বক সমাধান করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। | ট্রান্সপোর্ট) সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সভার আয়োজন করবেন। | ট্রান্সপোর্ট)/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল)- |
| ৯. | **ঢাকা বিআরটি :**<br>**ক বিআরটি বাস টার্মিনালের জায়গা নির্ধারণ:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি সভাকে জানান যে, Comprehensive Technical Design ও Land Use Plan প্রণয়নের জন্য গঠিত ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন কমিটির দুটি সভা এবং বিমানবন্দর স্টেশন এলাকা ও বিকল্প স্থানসমূহ সরেজমিন পরিদর্শন সম্পন্ন হয়েছে। বিআরটি অপারেশনের জন্য বিমানবন্দর স্টেশন এলাকায় টার্মিনাল নির্মাণের গুরুত্ব উল্লেখপূর্বক কমিটিকে মৌখিক ও পত্র মারফত ২৯.১২.২০২৪ তারিখে অবহিত করা হয়েছে। বিষয়টি তদারকির জন্য সভাপতি অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)-কে পরামর্শ প্রদান করেন। | ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন কমিটির সাথে যোগাযোগ রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি/অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় |
| | **খ. ঢাকা বিআরটি কোম্পানি লিমিটেড এর অর্গানোগ্রাম চূড়ান্তকরণ:**<br>কোম্পানি সচিব, ঢাকা বিআরটি সভাকে অবহিত করেন যে, কোম্পানীর বিদ্যমান জনবল কাঠামোতে ১৩টি কর্মকর্তা এবং ২৭টি কর্মচারীর পদ রয়েছে। আধুনিক প্রযুক্তি নির্ভর উন্নত সেবা মান নিশ্চিত করে বিআরটি ব্যবস্থা পরিচালনায় উক্ত জনবল অপর্যাপ্ত হওয়ায়, ২৯তম পর্ষদ সভায় বিআরটি কোম্পানীর জনবল কাঠামো ও বেতন ভাতাদিসহ অন্যান্য সংশ্লিষ্ট প্রবিধানমালা যুগোপযোগী করার নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক আগামী বছরের শুরুতে বিআরটি অপারেশন চালুর লক্ষ্যে বিআরটি স্টেশন (২৫টি), টার্মিনাল (০২টি), বিআরটি বাস ডিপো (০১টি) এবং বিআরটি কোম্পানীর প্রধান কার্যালয়ের জন্য প্রয়োজনীয় জনবলের চাহিদা নিরূপণ এবং নতুন জনবল কাঠামো তৈরীর লক্ষ্যে গত ৩০ নভেম্বর, ২০২৪ তারিখে একজন চুক্তিভিত্তিক মানব সম্পদ স্পেশালিষ্ট নিয়োগ করা হয়েছে। চুক্তিভিত্তিক মানব সম্পদ স্পেশালিষ্ট কর্তৃক অর্গানোগ্রাম চূড়ান্তকরণ প্রক্রিয়াধীন রয়েছে। আগামী ফেব্রুয়ারি ২০২৫ এর মধ্যে একটি খসড়া দাখিল করবেন। | অর্গানোগ্রাম চূড়ান্ত করার কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |
| | **গ. বিআরটি বাস ক্রয়:**<br>কোম্পনি সচিব, ঢাকা বিআরটি সভাকে অবহিত করেন যে, ডিপিপি সংশোধন একটি দীর্ঘ প্রক্রিয়া হওয়ায় এবং ডিপিপি সংশোধন শেষে প্রকল্পের অবশিষ্ট মেয়াদে ক্রয় চুক্তিটি বাস্তবায়নে প্রয়োজনীয় সময় থাকবে না বিধায় "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন প্রক্রিয়াকরণ, অনুমোদন ও নির্দেশিকা ২০২২" এর অনুচ্ছেদ ২১.১২ অনুযায়ী বর্তমান ডিপিপিতে উল্লিখিত বাসের সংখ্যা ১৮৭ হতে ১১৩-তে পরিবর্তনের জন্য পরিকল্পনা কমিশনের প্রয়োজনীয় অনুমোদন গ্রহণের নিমিত্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। ডিপিপি'র মেয়াদ শেষ পর্যায়ে তাই মেয়াদ বৃদ্ধির পর এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | ডিপিপি'র মেয়াদ বৃদ্ধির পর এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |
| | **ঘ. অন্তর্বর্তীকালীন বাস অপারেটর হিসেবে বিআরটিসির সাথে MoU স্বাক্ষর:**<br>বিআরটি (এয়ারপোর্ট-গাজীপুর) রুটে বিআরটিসি বাস পরিচালনার বিষয়ে সমঝোতা স্মারক (MoU) চূড়ান্তকরণের কার্যক্রম প্রক্রিয়াধীন। আগামী ১৫ দিনের মধ্যে (MoU) চূড়ান্তকরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | আগামী ১৫ দিনের মধ্যে MoU চূড়ান্ত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা বিআরটি)/অতিরিক্ত সচিব( আরবান ট্রান্সপোর্ট) |
| ১০ | **সরকারের বিশেষ উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>**ক. Grivance Redress System (GRS):**<br>জিআরএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, ডিসেম্বর ২০২৪ মাসে মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের মাধ্যমে ৫৪টি অভিযোগ/মতামত পাওয়া গেছে। পূর্ববর্তী ০৪টিসহ মোট ৫৮ অভিযোগ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা বরাবরে প্রেরণ করা হয়েছে। অভিযোগের মধ্যে অধিকাংশ সওজ অধিদপ্তর ও বিআরটিএ সংশ্লিষ্ট। অভিযোগের বিষয়ে সুনির্দিষ্ট জবাব এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সংস্থা প্রধানদের পরামর্শ প্রদান করেন। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ অনুসরণে অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রাপ্ত অভিযোগ গুরুত্বের সাথে নিষ্পত্তি করতে হবে। সকল অভিযোগ আমলে নিয়ে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান/ GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| | **খ. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)**<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপসচিব জনাব নীলিমা আফরোজ জানান, এপিএ কার্যক্রম আপাতত স্থগিত আছে। মন্ত্রিপরিষদ বিভাগ হতে এ বিষয়ে কোনো তাগিদ পাওয়া যাচ্ছে না। | এপিএ বাস্তবায়ন বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ রাখতে হবে। | এপিএ টিম লিডার, আরটিএইচডি/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |



CamScanner

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নক |
|---|---|---|---|
| | **গ. Public Service Innovation:**<br>ইনোভেশন অফিসার সভাকে অবহিত করেন যে, সংশ্লিষ্টদের সাথে পরামর্শক্রমে আগামী ১ বছরের ইনোভেশন পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | পরিকল্পনা অনুযায়ী ইনোভেশন আইডিয়া বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। | সকল দপ্তর/সং প্রধান (সকল)/চী ইনোভেশন অফিসার/ ইনোভেশন সংক্রান্ত কর্মকর্তা |
| | **ঘ. টেকসই উন্নয়ন অভিষ্ট (এসডিজি) বাস্তবায়ন:**<br>সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান) জানান যে, ০১ ডিসেম্বর ২০২৪ তারিখ সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে এসডিজি বিষয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়েছে। | সভার সিদ্ধান্ত অনুযায়ী এসডিজি বাস্তবায়নে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/পরিকল্পনা (উইং)/এসডিজি বিষয়ক কর্মকর্তা |
| | **ঙ. ই-নথি/ডি-নথি বাস্তবায়ন কার্যক্রম:**<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট সভাকে অবহিত করেন, ডি-নথি কার্যক্রম চলমান আছে। ডি-নথি বিষয়ে প্রধান প্রকৌশলী, সওজ সভাকে জানান, ডি-নথি সিস্টেম শুধু প্রধান কার্যালয় থেকে করা সম্ভব। মাঠ পর্যায়ের অফিসকে ডি-নথিতে অন্তর্ভুক্ত করা হয়নি। এ বিষয়ে সিস্টেম এনালিস্ট বলেন, বিষয়টি নিয়ে একাধিকবার এটুআইএ'র সাথে আলোচনা হয়েছে। তাদের সার্ভারের কিছু সমস্যা রয়েছে। এ বিষয়ে পুনরায় এটুআইএ'র সাথে যোগাযোগ করা হবে। | সওজ অধিদপ্তরের মাঠ পর্যায়ে অফিসসমূহকে ডি-নথির আওতায় আনার লক্ষ্যে এটুআইএ'র সাথে যোগাযোগ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ১১. | **বিবিধ**<br>**ক. উপদেষ্টা পরিষদ/মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>উপসচিব (সম: ও প্রশি:) জানান যে, উপদেষ্টা পরিষদ/মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তের মধ্যে ৪টি সিদ্ধান্ত অবাস্তবায়িত রয়েছে। এর মধ্যে ৩টি আন্তর্জাতিক চুক্তি সংক্রান্ত যা কানেক্টিভিটি শাখায় প্রক্রিয়াধীন। অপর ১টি BOOT ভিত্তিতে Construction of 2nd Dhaka-Chittagong National Highway প্রকল্প বেসরকারি অবকাঠামো প্রকল্প হিসেবে তালিকাভুক্তির প্রস্তাব অনুমোদন সংক্রান্ত যা বাতিলের বিষয়ে সারসংক্ষেপ গত ৩১.০১.২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | গুরুত্ব বিবেচনা করে উপদেষ্টা পরিষদ/মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট উইং/শাখা হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ যুগ্মসচিব (কানেক্টিভিটি) উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |
| | **খ. ইন্টার্নশিপ কোর্স চালু:**<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব আসফিয়া সুলতানা সভাকে অবহিত করেন যে, এ বিভাগের ১ জন ইন্টার্ন নিয়োগের বিষয়টি সংগত কারণে বিলম্বিত হচ্ছে। এছাড়া, আওতাধীন দপ্তর/সংস্থায় নিয়োগকৃত ইন্টার্ন এবং সুপারভাইজারদের নিয়ে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। ইন্টার্নশীপ প্রদান সংক্রান্ত ৬ মাসের পরিকল্পনা প্রেরণের বিষয়ে সকল দপ্তর/সংস্থাকে অনুরোধ করা হয়েছে। | দপ্তর/সংস্থার ইন্টার্নশীপ বাস্তবায়নের বিষয়টি নিয়মিত তদারিক করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/জনাব আসফিয়া সুলতানা, উপসচিব, ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | **গ. দপ্তর/সংস্থার প্রশিক্ষণ আয়োজন:**<br>উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) জানান, দপ্তর/সংস্থার ২০২৪-২০২৫ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। তবে এ বিভাগের অভ্যন্তরীণ প্রশিক্ষণ আপাতত স্থগিত আছে। শীঘ্রই পুনরায় প্রশিক্ষণ চালু করা হবে। | ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ আয়োজন অব্যাহত রাখতে হবে এবং প্রতি মাসের প্রশিক্ষণের তথ্য প্রেরণ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |
| | **ঘ. সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা বাস্তবায়ন:**<br>উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণ অনুযায়ী এ বিভাগের সংস্কার পরিকল্পনা সংশোধনক্রমে গত ১৮.১২.২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে এবং RMS সফটওয়ারে আপলোড দেয়া হয়েছে। সংশোধিত সংস্কার পরিকল্পনা বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য সকল দপ্তর/সংস্থা প্রধানদের পত্র দেয়া হয়েছে | সংশোধিত সংস্কার পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহন এবং নির্ধারিত সময়ে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল)/চেয়ারম্যান (বিআরটিসি/ বিআরটিএ)/নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল/ঢাকা বিআরটি)/ মুহাম্মদ কামরুল হাসান, যুগ্মসচিব |

০৩। আলোচ্যসূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত সম্ভব বাস্তবায়নের অনুরোধ করে সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/
১৩.০২.২০২৫
মোঃ এহছানুল হক
সিনিয়র সচিব



CamScanner

কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নং-৩৫.০০.০০০০.০২৬.০৬.০০১.২৩-৪১

তারিখঃ ৩০ মাঘ ১৪৩১
১৩ ফেব্রুয়ারি ২০২৫

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. চেয়ারম্যান (গ্রেড-১), বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
২. চেয়ারম্যান (গ্রেড-১), বিআরটিএ, বিআরটিএ ভবন, চেয়ারম্যানবাড়ী, নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৪. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, উত্তরা, ঢাকা
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড, নিউ বেইলী রোড, ঢাকা
৯. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১১. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২. সম্পত্তি ও আইন কর্মকর্তা, সওজ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ঢাকা/খুলনা/চট্টগ্রাম জোন
১৩. পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৫. প্রধান বৃক্ষপালনবিদ, সওজ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা
১৬. সিনিয়র সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮. সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৩/০২/২০২৫

মোঃ আব্দুল জব্বার
সিনিয়র সহকারী সচিব
☎২২৩৩৮০৯৬৬
E-mail: dstraco@rthd.gov.bd

CamScanner